DEC. 3 1 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৯

# প্রধানমন্ত্রীর বক্তব্য শিক্ষকদের মতামত প্রকাশের অধিকার হরণের ইঙ্গিত

## ঢাঃবিঃ শিক্ষক সমিতি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গত ২৮ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে একটি সেমিনার উদ্বোধনকালে প্রধানমন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদেরকে রাজনীতিতে জড়াবেন না বলে যে পরামর্শ দিয়েছেন তাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি বিস্ময় প্রকাশ করেছে। প্রধানমন্ত্রীর এ বক্তব্য ১৯৭৩ সালের গণতান্ত্রিক অধ্যাদেশের পরিপন্থী এবং সচেতন মানুষ হিসাবে শিক্ষকদের স্বাধীন চিন্তা ও মতামত প্রকাশের অধিকার হরণের ইঙ্গিত বহন করে বলে সমিতির এক বিবৃতিতে উল্লেখ করা হয়। বিবৃতিতে বলা হয়, বিগত নির্বাচনের পর রাজনৈতিক বিবেচনায় প্রায় সবক'টি বিশ্ববিদ্যালয়ের ভিসিকে অন্যায়ভাবে অপসারণ ও দলীয় ব্যক্তিদের নিয়োগের পর তার এ বক্তব্য অর্থহীন ও নেতিবাচক। বিবৃতিতে বর্তমান সরকারকে বিশ্ববিদ্যালয়ের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার ও শিক্ষকদের গণতান্ত্রিক অধিকার হরণের যে কোন অশুভ প্রচেষ্টা থেকে বিরত থাকার আহবান জানানো হয়েছে।